

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫০৩
খোয়াই, ৭ অক্টোবর, ২০২৪

রাজ্যভিত্তিক বন্যপ্রাণী সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন
রাজ্যে বন্যপ্রাণী সংরক্ষণের দিকে বিশেষ ভাবে নজর দেওয়া হয়েছে : বনমন্ত্রী

পরিবেশের ভারসাম্য বজায় রাখার জন্য বন্যপ্রাণী সংরক্ষণ করা খুবই জরুরী। এই বিষয়টির দিকে লক্ষ্য রেখে রাজ্যে বন্যপ্রাণী সংরক্ষণের দিকে বিশেষ ভাবে নজর দেওয়া হয়েছে। আজ খোয়াই মহকুমার অন্তর্গত বেহালাবাড়ি ভিলেজে রাজ্যভিত্তিক বন্যপ্রাণী সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন করে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা একথা বলেন। তিনি বলেন, বন্যপ্রাণী সংরক্ষণের ক্ষেত্রে ত্রিপুরা ভারতবর্ষের মধ্যে অনেক রাজ্যের চেয়ে এগিয়ে রয়েছে। রাজ্যের একটা বিশাল অংশ জুড়ে বনাঞ্চল রয়েছে। এই বনাঞ্চলকে রক্ষা করার পাশাপাশি বনাঞ্চলে থাকা প্রাণীকুলকেও রক্ষা করার দিকে সবাইকে নজর দিতে হবে। মুঙ্গিয়াকামীতে ৫টি এলিফেন্ট ওয়াচটাওয়ার গড়ে তোলার জন্য দপ্তর উদ্যোগ নিয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক রঞ্জিত দেববর্মাও বন্যপ্রাণী সংরক্ষণের উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মুখ্য বনসংরক্ষক আর কে শ্যামল। অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক নির্মল বিশ্বাস, এডিসি'র কার্যনির্বাহী সদস্য অনন্ত দেববর্মা, খোয়াই জোনালের চেয়ারম্যান বিষ্ণু দেববর্মা, খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পাণ্ডে প্রমুখ।

অনুষ্ঠান উপলক্ষে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা এবং অন্যান্য অতিথিগণ বেহালাবাড়ি বাজার সংলগ্ন মাঠে বৃক্ষরোপন করেন। অনুষ্ঠানে বন্যপ্রাণী সপ্তাহ উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠান মধ্যে ওপেন ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অনুষ্ঠানস্থলে ১০টি স্বসহায়ক দলের পক্ষ থেকে প্রদর্শনী মন্ত্র খোলা হয়।
